গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
তথ্য মন্ত্রণালয়
চলচ্চিত্র-১ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.moi.gov.bd

নং-১৫.০০.০০০০.০২৭.২৩.০০১.২০.১১৯

তারিখঃ ১৯ শ্রাবণ ১৪২৭
০৩ আগস্ট ২০২০

# প্রজ্ঞাপন

তথ্য মন্ত্রণালয়ের ২৪ ফেব্রুয়ারি ২০২০ তারিখের ১৫.০০.০০০০.০২৭.২৩.০০১.২০.৫০ নম্বর প্রজ্ঞাপনের মাধ্যমে 'জাতীয় চলচ্চিত্র পুরস্কার-২০১৯' প্রদানের লক্ষ্যে ১৩(তেরো) সদস্য বিশিষ্ট জুরি বোর্ড গঠন করা হয়। এক্ষণে উক্ত প্রজ্ঞাপন সংশোধনক্রমে নিম্নোক্তভাবে জুরি বোর্ড পুনর্গঠন করা হলো:

| | | |
|---|---|---|
| ১. | অতিরিক্ত সচিব ( প্রশাসন ও চলচ্চিত্র ), তথ্য মন্ত্রণালয়, ঢাকা | সভাপতি |
| ২. | যুগ্মসচিব (চলচ্চিত্র), তথ্য মন্ত্রণালয়, ঢাকা। | সদস্য |
| ৩. | ব্যবস্থাপনা পরিচালক, বাংলাদেশ চলচ্চিত্র উন্নয়ন কর্পোরেশন, ঢাকা। | সদস্য |
| ৪. | মহাপরিচালক, বাংলাদেশ ফিল্ম আর্কাইভ, ঢাকা। | সদস্য |
| ৫. | চেয়ারম্যান, ডিপার্টমেন্ট অব টেলিভিশন, ফিল্ম এন্ড ফটোগ্রাফী, ঢাকা বিশ্ববিদ্যালয়, ঢাকা। | সদস্য |
| ৬. | জনাব মোঃ শাহ আলম কিরন, চলচ্চিত্র পরিচালক, বনফুল-১১০, পশ্চিম নাখালপাড়া, তেজগাঁও, ঢাকা। | সদস্য |
| ৭. | জনাব হাসান মতিউর রহমান, গীতিকার ও সংগীত পরিচালক, ২৮৭/৩/বি নয়াটোলা (আমবাগান) মগবাজার, ঢাকা-১২১৭। | সদস্য |
| ৮. | জনাব জাহাঙ্গীর হোসেন মিন্টু (জেড এইচ মিন্টু), সহ-সভাপতি, বাংলাদেশ চলচ্চিত্র গ্রাহক সংস্থা, বাসা-৩৪/বি, রোড-১৩/২, ব্লক-কে, দক্ষিণ বনশ্রী(জোড়া খাম্বা), রামপুরা, ঢাকা-১২১৯। | সদস্য |
| ৯. | জনাব রিয়াজ উদ্দিন আহমেদ সিদ্দিকী, বিশিষ্ট অভিনেতা, বাসা- ১৩/এ, ১নং ইন্টারন্যাশনাল এয়ারপোর্ট রোড, বনানী, ঢাকা। | সদস্য |
| ১০. | মিজ সুচরিতা, বিশিষ্ট অভিনেত্রী, বাসা-৪৫, সরওয়ার্দী এভিনিউ, হোয়াইট হাউজ, বারিধারা, ঢাকা। | সদস্য |
| ১১. | জনাব মোঃ খুরশিদ আলম, বিশিষ্ট গায়ক, ১৯৩, এলিফ্যান্ট রোড, মাহবুব মঞ্জিল, ফ্ল্যাট-এ-৩, ঢাকা। | সদস্য |
| ১২. | জনাব ইমদাদুল হক মিলন, নির্বাহী সম্পাদক, দৈনিক কালের কণ্ঠ, বসুন্ধরা আবাসিক এলাকা, ঢাকা। | সদস্য |
| ১৩. | ভাইস চেয়ারম্যান, বাংলাদেশ চলচ্চিত্র সেন্সর বোর্ড, ঢাকা। | সদস্য-সচিব |

০২। জুরি বোর্ডের কার্যপরিধি নিম্নরূপ:

(০১) জুরি বোর্ড ২০১৯ সালে মুক্তিপ্রাপ্ত চলচ্চিত্র দেখে পুরস্কারের জন্য চলচ্চিত্র, শিল্পী ও কলা-কুশলীদের নাম সুপারিশ করবে;

(০২) পত্রিকায় বিজ্ঞপ্তির মাধ্যমে চলচ্চিত্র সংগ্রহ করার পর জুরি বোর্ড সে সব চলচ্চিত্র স্ক্রিনিং, পরীক্ষা, পর্যালোচনা ও মূল্যায়ন করে বিবেচ্য বছরের জাতীয় চলচ্চিত্র পুরস্কারের জন্য সুপারিশমালা প্রণয়ন করে তথ্য মন্ত্রণালয়ে প্রেরণ করবে;

(০৩) আজীবন সম্মাননা ব্যতীত অন্য সব ক্ষেত্রে শ্রেষ্ঠত্বের বিচারে প্রয়োজনীয় মনে হলে জুরি বোর্ড একাধিক চলচ্চিত্র ও ব্যক্তিকে পুরস্কার প্রদানের জন্য সুপারিশ করতে পারবে;

(০৪) কোনো ক্ষেত্রে জাতীয় পুরস্কারের জন্য যথাযোগ্য মনে না করলে জুরি বোর্ড সেক্ষেত্রে সুপারিশ প্রদান থেকে বিরত থাকতে পারে। তবে এক্ষেত্রে সুপারিশ না করার কারণ উল্লেখ করতে হবে;

(০৫) জুরি বোর্ড পুরস্কারের প্রতিটি ক্ষেত্রে মুখ্য সুপারিশের পাশাপাশি বিকল্প সুপারিশও প্রদান করবে;

(০৬) জুরি বোর্ড পুরস্কারের জন্য সুপারিশকৃত ব্যক্তিদের জীবন-বৃত্তান্ত মন্ত্রিসভা কমিটির সদয় অবগতি ও বিবেচনার জন্য সুপারিশমালার সাথে দাখিল করবে;

(০৭) উপরোক্ত দায়িত্ব সম্পাদনের জন্য প্রয়োজনীয় অন্যান্য ব্যবস্থা ও কার্যক্রম; এবং

(০৯) জাতীয় চলচ্চিত্র পুরস্কার প্রদানের সুপারিশমালা প্রণয়নের ক্ষেত্রে জুরি বোর্ড গঠন সংক্রান্ত বিদ্যমান নীতিমালা অনুসরণ করতে হবে।

অপর পৃঃ দ্রষ্টব্য

পূর্বপৃষ্ঠার পর-

০৩। নিম্নবর্ণিত ক্ষেত্রসমূহ পুরস্কার প্রদানের জন্য বিবেচিত হবে:

| | | | |
|---|---|---|---|
| ০১ | আজীবন সম্মাননা | ০২ | শ্রেষ্ঠ চলচ্চিত্র |
| ০৩ | শ্রেষ্ঠ স্বল্পদৈর্ঘ্য চলচ্চিত্র | ০৪ | শ্রেষ্ঠ প্রামাণ্য চলচ্চিত্র |
| ০৫ | শ্রেষ্ঠ চলচ্চিত্র পরিচালক | ০৬ | শ্রেষ্ঠ অভিনেতা প্রধান চরিত্রে |
| ০৭ | শ্রেষ্ঠ অভিনেত্রী প্রধান চরিত্রে | ০৮ | শ্রেষ্ঠ অভিনেতা পার্শ্ব চরিত্রে |
| ০৯ | শ্রেষ্ঠ অভিনেত্রী পার্শ্ব চরিত্রে | ১০ | শ্রেষ্ঠ অভিনেতা/অভিনেত্রী খল চরিত্রে |
| ১১ | শ্রেষ্ঠ অভিনেতা/অভিনেত্রী কৌতুক চরিত্রে | ১২ | শ্রেষ্ঠ শিশু শিল্পী |
| ১৩ | শিশু শিল্পী শাখায় বিশেষ পুরস্কার | ১৪ | শ্রেষ্ঠ সংগীত পরিচালক |
| ১৫ | শ্রেষ্ঠ নৃত্য পরিচালক | ১৬ | শ্রেষ্ঠ গায়ক |
| ১৭ | শ্রেষ্ঠ গায়িকা | ১৮ | শ্রেষ্ঠ গীতিকার |
| ১৯ | শ্রেষ্ঠ সুরকার | ২০ | শ্রেষ্ঠ কাহিনিকার |
| ২১ | শ্রেষ্ঠ চিত্রনাট্যকার | ২২ | শ্রেষ্ঠ সংলাপ রচয়িতা |
| ২৩ | শ্রেষ্ঠ সম্পাদক | ২৪ | শ্রেষ্ঠ শিল্প নির্দেশক |
| ২৫ | শ্রেষ্ঠ চিত্রগ্রাহক | ২৬ | শ্রেষ্ঠ শব্দগ্রাহক |
| ২৭ | শ্রেষ্ঠ পোশাক ও সাজ-সজ্জা | ২৮ | শ্রেষ্ঠ মেক-আপম্যান |

০৪। জুরি বোর্ডের কোনো সদস্য অথবা তাঁর পরিবারের কোনো সদস্যের নাম এ বোর্ড কর্তৃক বিবেচ্য বছরে জাতীয় চলচ্চিত্র পুরস্কারের জন্য বিবেচনাধীন থাকলে সংশ্লিষ্ট সদস্য আর জুরি বোর্ডের সদস্য থাকতে পারবেন না। একই ক্ষেত্রের অন্য কোনো ব্যক্তি তার স্থলাভিষিক্ত হবেন।

০৫। বাংলাদেশ চলচ্চিত্র সেন্সর বোর্ড জুরি বোর্ডকে সাচিবিক সহায়তা প্রদান করবে।

০৬। নীতিমালা অনুযায়ী সুপারিশ প্রণয়ন করে জুরি বোর্ড নির্ধারিত সময়ের মধ্যে তথ্য মন্ত্রণালয়ে প্রতিবেদন দাখিল করবে।

০৭। যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে জারিকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে,

স্বাঃ/-

( মোঃ সাইফুল ইসলাম)
উপসচিব
ফোন- ৯৫৪০৪৬৩
E-mail- sas.flm@moi.gov.bd

নং-১৫.০০.০০০০.০২৭.২৩.০০১.২০.১১৯ (২৮)

তারিখঃ ১৯ শ্রাবণ ১৪২৭ / ০৩ আগস্ট ২০২০

অনুলিপি সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১। প্রধান তথ্য কর্মকর্তা, তথ্য অধিদপ্তর, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। অতিরিক্ত সচিব (প্রশাসন ও চলচ্চিত্র), তথ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩। জুরি বোর্ডের সকল সদস্য (বর্তমান ও ২৪ ফেব্রুয়ারী ২০২০ তারিখে গঠিত কমিটি)।
৪। ব্যবস্থাপনা পরিচালক, বাংলাদেশ চলচ্চিত্র উন্নয়ন কর্পোরেশন, তেজগাঁও, ঢাকা।
৫। যুগ্মসচিব (চলচ্চিত্র), তথ্য মন্ত্রণালয়, ঢাকা।
৬। ভাইস চেয়ারম্যান, বাংলাদেশ চলচ্চিত্র সেন্সর বোর্ড ঢাকা।
৭। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, তথ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৮। মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব, তথ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৯। উপ-পরিচালক, বাংলাদেশ ফরমস ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা(বাংলাদেশ গেজেটে প্রকাশের অনুরোধসহ)।
১০। সচিব মহোদয়ের একান্ত সচিব, তথ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১১। সিস্টেম এনালিস্ট, আইসিটি শাখা, তথ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (প্রজ্ঞাপনটি ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
১২। চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, তথ্য মন্ত্রণালয়, চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার এর কার্যালয়, সেগুনবাগিচা, ঢাকা।

০৩/৮/২০২০

(মোঃ সাইফুল ইসলাম)
উপসচিব